



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং: সিশিবো/পনি/মাধ্য/৪(ক)/২০১৮/২৯৭

তারিখ: ০৩/০১/২০১৮ খ্রিঃ

বিষয়: ২০১৮ সালে অনুষ্ঠিতব্য এস.এস.সি পরীক্ষার কেন্দ্র কমিটি গঠন/অনুমোদন ও ভেন্যু তালিকা প্রেরণ প্রসঙ্গে।

(ক) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০১৮ সালে অনুষ্ঠিতব্য এস.এস.সি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্তে এস এস সি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুচ্ছেদ ২(খ) ও (গ) অনুসরণ করে তাঁর জেলা/উপজেলার আওতাধীন কেন্দ্রসমূহের জন্য 'কেন্দ্র কমিটি' নামের ১৫ (পনের) সদস্য বিশিষ্ট নিম্নরূপ কমিটি গঠন করে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক অনুমোদন করে নেওয়ার জন্য তাঁকে বিশেষভাবে অনুরোধ করা হলো:

১. চেয়ারম্যান: জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য স্থানের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা অথবা প্রথম শ্রেণীর একজন কর্মকর্তা।
২. সদস্যবৃন্দ:
 - (অ) জেলা শিক্ষা কর্মকর্তা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।
 - (আ) কেন্দ্রের অধীন বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত সকল বিদ্যালয় প্রধান। প্রয়োজনবোধে স্থানীয় মহাবিদ্যালয়সমূহের অধ্যক্ষগণও সদস্য হতে পারবেন।
 - (ই) শিক্ষানুরাগী স্থানীয় ব্যক্তিগণ 'কেন্দ্র কমিটি'-র চেয়ারম্যান কর্তৃক সদস্য হিসেবে মনোনীত হতে পারবেন।
 - (ঈ) কমিটি নিম্নবর্ণিত নিয়মে সচিব নির্বাচিত করবেন।

জেলা সদর কেন্দ্রে সরকারী স্কুলের প্রধান শিক্ষক সচিব হবেন। জেলা সদর ব্যতীত অন্যান্য পরীক্ষা কেন্দ্র যেখানে সরকারী স্কুল আছে সেখানে সরকারী স্কুলের প্রধান শিক্ষক/শিক্ষিকা সচিব হবেন। যেখানে সরকারী স্কুল নেই সেখানে মূল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান সচিব হবেন। প্রয়োজনে জেলা শিক্ষা কর্মকর্তা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/প্রথম শ্রেণীর যে কোন কর্মকর্তা কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে উল্লেখ্য, কোন শিক্ষক অথবা কর্মকর্তার ছেলে/মেয়ে সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি সচিব হতে পারবেন না।

আরও উল্লেখ্য, ২০১৭ সালে অনুষ্ঠিত এস.এস.সি পরীক্ষার কেন্দ্রসমূহের জন্য যে ধরনের আসন বিন্যাস ব্যবস্থা (প্রতি ৬ ফুট বেঞ্চে ০২ জন পরীক্ষার্থী) কার্যকর ছিল, ২০১৮ সালের এস.এস.সি পরীক্ষায়ও সে ধরনের আসন বিন্যাস ব্যবস্থা বলবৎ থাকবে এবং কোন পর্যবেক্ষক তাঁর স্কুলের পরীক্ষার্থীদের পরীক্ষার হলে পর্যবেক্ষণের দায়িত্ব পালন করতে পারবেন না।

(খ) ২০১৮ সালের এস এস সি পরীক্ষায় সংশ্লিষ্ট কেন্দ্রের আওতাধীন ভেন্যুর তালিকা এতদসঙ্গে প্রেরণের জন্য অনুরোধ করা গেল।

প্রাপক: জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা

.....।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

সংযুক্তি: সংশ্লিষ্ট জেলা/উপজেলার কেন্দ্র তালিকা।

স্বাক্ষর:

(মোঃ কবির আহমদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।

ফোন: ০৮২১-৭২৮৬৫২ (অফিস)

মোবাইল: ০১৭১২০১৬৯৪৪ (ব্যক্তিগত)

তারিখ: ০৩/০১/২০১৮ খ্রিঃ

স্মারক নং: সিশিবো/পনি/মাধ্য/৪(ক)/২০১৮/২৯৭

অবগতি ও কার্যার্থে অনুলিপি:

- ১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক পরীক্ষার কেন্দ্রের প্রতিষ্ঠান প্রধান)।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ৪। সংরক্ষণ নথি।

(মোঃ কবির আহমদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।

০৩/০১/১৮